# প্রতিযোগিতা সাময়িকী

Bangladesh Competition Commission

বর্ষ ৪ । সংখ্যা ১২ । এপ্রিল-জুন ২০২৩ । ১৮ চৈত্র ১৪২৯-১৬ আষাঢ় ১৪৩০

## প্রতিযোগিতা সাময়িকীর ১২তম সংখ্যা

মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নশীল দেশের মর্যাদা অর্জন করেছে। বাংলাদেশ আয় দরিদ্র-মানব দরিদ্র হ্রাসে অর্জন করেছে ঈর্ষণীয় সাফল্য। বাংলাদেশের এই নজরকাড়া সাফল্যের পিছনে আরো রয়েছে বিগত ১৪ বছরের সরকারের নীতি কৌশলের ধারাবাহিকতা, সামষ্টিক অর্থনৈতিক স্থিতিশীলতা। এ প্রেক্ষাপটে ব্যবসা-বাণিজ্যে সুস্থ প্রতিযোগিতামূলক পরিবেশ বজায় রাখার লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন কাজ করছে। এপ্রিল ২০২৩ থেকে জুন ২০২৩ (১৮ চৈত্র ১৪২৯-১৬ আষাঢ় ১৪৩০) সময়কালে কমিশন কর্তৃক বাস্তবায়িত কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ প্রতিযোগিতা সাময়িকীর ১২তম সংখ্যায় তুলে ধরা হয়েছে।

## BFTI কর্তৃক আয়োজিত "WTO Dispute Settlement Understanding" শীর্ষক তিন দিনব্যাপী প্রশিক্ষণের প্রধান অতিথি হিসেবে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সনের অংশগ্রহণ

Bangladesh Foreign Trade Institute (BFTI) কর্তৃক আয়োজিত "WTO Dispute Settlement Understanding" শীর্ষক তিন দিনব্যাপী প্রশিক্ষণের প্রধান অতিথি হিসেবে অংশগ্রহণ করেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব নুসরাত জেবিন বানু এনডিসি, অতিরিক্ত সচিব, ডব্লিউটিও উইং, বাণিজ্য মন্ত্রণালয়। উক্ত প্রশিক্ষণের উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতি হিসেবে উপস্থিত ছিলেন বিএফটিআই এর চিফ এক্সিকিউটিভ অফিসার ড. মোঃ জাফর উদ্দিন । এছাড়া সরকারি বিভিন্ন মন্ত্রণালয় ও অধিদপ্তর থেকে প্রশিক্ষণে অংশগ্রহণকারীগণ এ সময় উপস্থিত ছিলেন। প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন পদক্ষেপ এর বিষয়ে আলোচনা করে প্রশিক্ষণার্থীদের কর্মদক্ষতা বৃদ্ধিতে প্রশিক্ষণের গুরুত্ব তুলে ধরেন।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী -কে সম্মাননা স্মারক প্রদান করছেন বিএফটিআই এর চিফ এক্সিকিউটিভ অফিসার ড. মোঃ জাফর উদ্দিন


প্রশিক্ষণে প্রধান অতিথি হিসেবে বক্তব্য প্রদান করছেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী

# বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বাজার মনিটরিং সেল কর্তৃক ঢাকা মহানগরীর বিভিন্ন বাজার এবং দিনাজপুর জেলার বাহাদুর বাজার সরেজমিন পরিদর্শন

পবিত্র রমজানকে সামনে রেখে সমাজের বিভিন্ন শ্রেণি পেশার লোকজনের মধ্যে বাজারে প্রতিযোগিতা সম্পর্কিত সার্বিক বিষয়ে সচেতনতা বৃদ্ধিসহ প্রতিযোগিতা বিরোধী কোনো চুক্তি বা কর্মকান্ড বিষয়ে গবেষণা এবং অনুরূপ অন্যবিধ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বাজার মনিটরিং সেল কর্তৃক ১৮-০৩-২০২৩ হতে ১২-০৪-২০২৩ তারিখ পর্যন্ত ঢাকা মহানগরীর বিভিন্ন বাজার এবং দিনাজপুর জেলার বাহাদুর বাজার সরেজমিন পরিদর্শন করা হয়। এসব কার্যক্রমের সংক্ষিপ্ত বিবরণ নিম্নের ছকে তুলে ধরা হলোঃ-

| ক্রমিক | তারিখ | বাজারের নাম | মন্তব্য |
|---|---|---|---|
| ০১ | ১৮-০৩-২০২৩ | কারওয়ান বাজার, ঢাকা | বাজার পরিদর্শনের মাধ্যমে বিভিন্ন পণ্যের ক্রয়-বিক্রয়ের তথ্য-উপাত্ত সংগ্রহ করা হয়েছে। |
| ০২ | ২৮-০৩-২০২৩ | যাত্রাবাড়ি বাজার, ঢাকা | |
| ০৩ | ০২-০৪-২০২৩ | বাবুবাজার ও বাদামতলী বাজার, ঢাকা | |
| ০৪ | ০৪-০৪-২০২৩ | মোহাম্মদপুর কৃষি মার্কেট, টাউন হল মার্কেট, নতুন কাঁচা বাজার, ঢাকা | |
| ০৫ | ০৬-০৪-২০২৩ | হযরত শাহ আলী বোগদাদীয়া (রহ.) বেষ্টনী প্রকল্প মার্কেট, হযরত শাহ আলী সুপার মার্কেট, ঢাকা | |
| ০৬ | ১১-০৪-২০২৩ | শান্তিনগর কাঁচাবাজার, ঢাকা | |
| ০৭ | ১২-০৪-২০২৩ | বাহাদুর বাজার, দিনাজপুর | |

পরিদর্শনকালে বাজার মনিটরিং সেল যাত্রাবাড়ি বাজার মার্কেটের ব্যবসায়ী মালিক সমিতি, কাঁচাবাজার ব্যবসায়ী সমিতি, মৎস্য আড়ৎ মালিক সমিতি, ফল আড়ৎ মালিক সমিতি, বাদামতলী বাজার ও বাবুবাজারের চাউল আড়ৎদার সমিতি, চাউলের পাইকারি দোকান মালিকগণের সাথে মতবিনিময় করেন। এছাড়াও তারা মোহাম্মদপুর টাউন হল মার্কেট, কৃষি মার্কেট ও নতুন কাঁচাবাজার, মিরপুরে অবস্থিত হযরত শাহ আলী বোগদাদীয়া (রহ.) বেষ্টনী প্রকল্প মার্কেট ও হযরত শাহ আলী সুপার মার্কেট, ঢাকা এবং শান্তিনগর কাঁচাবাজার দোকান ব্যবসায়ী সমিতি, ব্যবসায়ী সমবায় সমিতি, ফল ব্যবসায়ী সমিতি ও বাজার সমিতির সাথে যুক্ত ব্যবসায়ী প্রতিনিধিগণের সাথে বর্তমান বাজার পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। ১২ এপ্রিল ২০২৩ তারিখে দিনাজপুর জেলার বাহাদুর বাজার পরিদর্শন শেষে সেলের কর্মকর্তাবৃন্দ দিনাজপুর চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি এবং এন এ মার্কেট ব্যবসায়ী সমিতির প্রতিনিধিগণের সাথে বাজার পরিস্থিতি নিয়ে আলোচনা করেন। এ সময় বাজার মনিটরিং সেলের সদস্যবৃন্দ বিদ্যমান সমিতিসমূহের নাম, রেজিস্ট্রেশন নম্বর, সমিতির সাথে যোগাযোগের মাধ্যম ইত্যাদি তথ্য কমিশনকে সরবরাহ করার জন্য ব্যবসায়ী নেতৃবৃন্দকে অনুরোধ জানান। বাজার মনিটরিং সেল এর সদস্যগণ উপস্থিত ব্যবসায়ীবৃন্দকে জানান যে, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের এ উদ্যোগ ভবিষ্যতেও অব্যাহত থাকবে। এর মাধ্যমে প্রতিযোগিতা আইন, ২০১২ এবং বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন সম্পর্কে সাধারণ মানুষের মাঝে আরো বেশি সচেতনতা গড়ে উঠবে এবং বাজারে সুষ্ঠু প্রতিযোগিতা গড়ে উঠার মাধ্যমে ভোক্তা সম্প্রদায়ের কল্যাণ সাধিত হবে।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বাজার মনিটরিং সেল কর্তৃক ঢাকা মহানগরীর হজরত শাহ আলী বোগদাদীয়া (রহঃ) বেষ্টনী প্রকল্প মার্কেট,হযরত শাহ আলী সুপার মার্কেট পরিদর্শন



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের বাজার মনিটরিং সেল কর্তৃক ঢাকা মহানগরীর মোহাম্মদপুর টাউন হল মার্কেট পরিদর্শন

## ঈদ পুনর্মিলনী অনুষ্ঠান আয়োজন

২৭ এপ্রিল ২০২৩ তারিখ সকাল ১১ ঘটিকায় বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সম্মেলন কক্ষে ঈদ পরবর্তী পুনর্মিলনী অনুষ্ঠান আয়োজন করা হয়। এতে সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী। উক্ত অনুষ্ঠানে কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। সভাপতি সকলের সাথে ঈদের শুভেচ্ছা বিনিময় করেন। পরিশেষে দেশের মঙ্গল ও সমৃদ্ধি কামনা করে অনুষ্ঠান সমাপ্ত করা হয়।



ঈদ পুনর্মিলনী অনুষ্ঠানে বিভিন্ন বিষয়ে মতবিনিময় করছেন সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারীগণ

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে নবনিয়োগপ্রাপ্ত সদস্য মহোদয়গণের যোগদান

২১ মে ২০২৩ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নবনিয়োগপ্রাপ্ত সদস্য (জনপ্রশাসন) জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান এবং সদস্য (অর্থনীতি) জনাব মোঃ হাফিজুর রহমান কমিশনে যোগদান করেন। কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান এবং কর্মকর্তা-কর্মচারীগণ তাঁদেরকে ফুলেল শুভেচ্ছাসহ বরণ করেন। শুরুতেই নবনিয়োগপ্রাপ্ত সদস্য মহোদয়গণ মুজিব কর্নারে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করেন। এ সময় উপস্থিত ছিলেন কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান এবং কমিশনের কর্মকর্তা-কর্মচারীবৃন্দ। পুষ্পস্তবক অর্পণ শেষে সদস্য মহোদয়গণ কমিশনের সদস্য এবং কর্মকর্তা-কর্মচারীবৃন্দের সাথে পরিচিতি সভায় যোগদান করেন।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নবনিয়োগপ্রাপ্ত সদস্য (জনপ্রশাসন) জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান-কে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান




বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নবনিয়োগপ্রাপ্ত সদস্য (অর্থনীতি) জনাব মোঃ হাফিজুর রহমান -কে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান

## বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নবনিয়োগপ্রাপ্ত সদস্যগণ কর্তৃক জাতির পিতার সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ

২৬ মে ২০২৩ তারিখ সকাল ১১:০০ মিনিটে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নবনিয়োগপ্রাপ্ত সদস্য জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান এবং সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান টুঙ্গীপাড়াস্থ জাতির পিতার সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ করেন। পুষ্পস্তবক অর্পণ শেষে সদস্য মহোদয়গণ জাতির পিতার প্রতি সম্মান প্রদর্শনস্বরূপ এক মিনিট নীরবতা পালন করেন এবং জাতির পিতার রুহের মাগফিরাত কামনায় মোনাজাত করেন। অতঃপর তাঁরা জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানিয়ে শোকবইয়ে স্বাক্ষর করেন।



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের নবনিয়োগপ্রাপ্ত সদস্যগণ কর্তৃক জাতির পিতার সমাধিসৌধে পুষ্পস্তবক অর্পণ



জাতির পিতার রুহের মাগফিরাত কামনায় মোনাজাত

## প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে সচেতনতা বৃদ্ধিকল্পে গোপালগঞ্জ জেলায় সেমিনার আয়োজন

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ও জেলা প্রশাসন, গোপালগঞ্জ এর যৌথ উদ্যোগে ২৬ মে ২০২৩ তারিখ বিকাল ৩:০০ ঘটিকায় গোপালগঞ্জ সার্কিট হাউসে ব্যবসা বাণিজ্যে সুষ্ঠু প্রতিযোগিতা নিশ্চিতকরণে ব্যবসায়ী নেতৃবৃন্দের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। জনাব শেখ জোবায়ের আহমেদ, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর সভাপতিত্বে অনুষ্ঠিত মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ হাফিজুর রহমান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। সেমিনারে আরো উপস্থিত ছিলেন জনাব শেখ মাসুদুর রহমান, সেক্রেটারী, গোপালগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, জনাব মোঃ মিজানুর রহমান, পরিচালক, গোপালগঞ্জ চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রিজ, গোপালগঞ্জ, স্থানীয় ব্যবসায়ী সংগঠনের প্রতিনিধি, জনপ্রতিনিধি, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ার প্রতিনিধিসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ।



প্রতিযোগিতা আইন, ২০১২ বিষয়ে সচেতনতা বৃদ্ধিকল্পে গোপালগঞ্জ জেলায় সেমিনারে উপস্থিতির একাংশ

## জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)- ২০২২ বিষয়ে প্রতিযোগিতা কমিশনে প্রশিক্ষণ আয়োজন

৩০ মে ২০২৩ তারিখ বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সভাকক্ষে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)-২০২২ বিষয়ে অর্ধ দিনব্যাপী এক ইন-হাউজ প্রশিক্ষণ অনুষ্ঠিত হয় । প্রশিক্ষণে প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, সদস্য জনাব সালমা আখতার জাহান, জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, জনাব মোঃ হাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য জনাব আলিফ রুদাবা মুখ্য আলোচক এবং পরিচালক ড. জাহাঙ্গীর হোসেন বিশেষ আলোচক হিসেবে জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)-২০২২ এর ওপর বিশদ বক্তব্য উপস্থাপন করেন। দক্ষতা উন্নয়ন নীতির অভীষ্ট জনগোষ্ঠী, রূপকল্প, উদ্দেশ্য, বাংলাদেশে দক্ষতা উন্নয়নের চিত্র এবং প্রধান অগ্রাধিকারসমূহ, নীতির মূল আদর্শসমূহ, ৪র্থ শিল্প বিপ্লব এবং ডিজিটাল দক্ষতাসহ বিকাশমান প্রযুক্তির জন্য দক্ষতা উন্নয়ন, দক্ষতা উন্নয়নের জন্য প্রশিক্ষণের গুণমান নিশ্চিতকরণ, যোগ্যতা কাঠামো, দায়িত্ব ডোমেইন ইত্যাদি বিষয়ে প্রশিক্ষণার্থীদেরকে আইন ও বিধির আলোকে প্রশিক্ষণ প্রদান করা হয়। এনএসডিপি বিষয়ে জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সহায়তায় ভবিষ্যতে এ জাতীয় আরো প্রশিক্ষণ কোর্স আয়োজন করা হবে বলে চেয়ারপার্সন মহোদয় প্রশিক্ষণার্থীবৃন্দকে অবহিত করেন।



জাতীয় দক্ষতা উন্নয়ন নীতি (এনএসডিপি)- ২০২২ বিষয়ে আয়োজিত কর্মশালায় বক্তব্য রাখছেন জাতীয় দক্ষতা উন্নয়ন কর্তৃপক্ষের সদস্য জনাব আলিফ রুদাবা

## গভর্নমেন্ট এমপ্লয়ি ম্যানেজমেন্ট সিস্টেম (জিইএমএস) বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণ

৩১ মে ২০২৩ তারিখে গভর্নমেন্ট এমপ্লয়ি ম্যানেজমেন্ট সিস্টেম (জিইএমএস) বিষয়ে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনে অর্ধ দিনব্যাপী এক প্রশিক্ষণ কর্মশালার আয়োজন করা হয়। কমিশনের সভাকক্ষে আয়োজিত এ কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী। এছাড়া প্রতিযোগিতা কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান, জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, জনাব মোঃ হাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন। প্রশিক্ষণ সেমিনারে মূল প্রবন্ধ উপস্থাপন করেন ড. মোঃ আব্দুল মান্নান, পিএএ, টিম লিডার, গভর্নমেন্ট এমপ্লোয়িস ম্যানেজমেন্ট সিস্টেম (জিইএমএস), জনপ্রশাসন মন্ত্রণালয়। গভর্নমেন্ট এমপ্লয়ি ম্যানেজমেন্ট সিস্টেমের প্রয়োজনীয়তা ও গুরুত্ব, রেজিস্ট্রেশন সিস্টেম, এ্যাকসেস সিস্টেম, প্রশিক্ষণ মডিউল, নিয়োগ, কর্মকৃতি মূল্যায়ন মডিউল, সংগঠন ব্যবস্থাপনা মডিউল, শৃঙ্খলা মডিউলসহ মানবসম্পদ ব্যবস্থাপনা বিষয়ে প্রবন্ধকার বিস্তারিত তথ্য / উপাত্ত সেমিনারে তুলে ধরেন।



গভর্নমেন্ট এমপ্লয়ি ম্যানেজমেন্ট সিস্টেম বিষয়ক অভ্যন্তরীণ প্রশিক্ষণে উপস্থিত কর্মকর্তাবৃন্দ

## বাজার সমীক্ষা প্রতিবেদনের উপর অভ্যন্তরীণ ভ্যালিডেশন সেমিনার আয়োজন

পণ্য ও সেবার ডাটাবেজ প্রণয়নের লক্ষ্যে কমিশনের কর্মকর্তাদের সমন্বয়ে ০৬ (ছয়)টি দল গঠনপূর্বক ০৬ (ছয়)টি পণ্য নির্বাচন করা হয়। নির্বাচিত পণ্যের বাজার সমীক্ষা পরিচালনাপূর্বক সংশ্লিষ্ট পণ্য ও সেবার বাজার সম্পর্কিত বিভিন্ন তথ্য সংগ্রহ করে প্রতিটি সমীক্ষা দল কর্তৃক নিম্নবর্ণিত তারিখে খসড়া সমীক্ষা প্রতিবেদনের উপর অভ্যন্তরীণ ভ্যালিডেশন সেমিনার আয়োজন করা হয়।

| ক্রমিক | বাজার সমীক্ষার বিষয় | সমীক্ষা দল | অভ্যন্তরীণ ভ্যালিডেশন সেমিনার আয়োজনের তারিখ | অভ্যন্তরীণ ভ্যালিডেশন সেমিনারের প্রধান অতিথি/প্রধান আলোচকের পরিচিতি |
|---|---|---|---|---|
| ১ | হৃদরোগে ব্যবহৃত ৩টি ঔষধ (ক্লোপিডোগ্রেল, রসুভাস্টাটিন এবং বিসোপ্রোলল) এর বাজার সমীক্ষা | (ক) জনাব তায়েব-উর-রহমান আশিক, উপপরিচালক, (ব্যবসা-বাণিজ্য), আহবায়ক;<br>(খ) জনাব মো: আরিফুর রহমান, সহকারী প্রোগ্রামার, সদস্য। | ০১-০৬-২০২৩ | প্রধান অতিথিঃ<br>জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন<br>সভাপতিঃ জনাব সালমা আখতার জাহান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন |
| ২ | সিমেন্ট- এর বাজার সমীক্ষা | (ক) জনাব মোঃ মাহবুব আলম, উপপরিচালক (প্রশাসন ও মানব সম্পদ), আহবায়ক;<br>(খ) জনাব নাঈমুর রহমান, সহকারী পরিচালক (প্রশাসন ও মানব সম্পদ), সদস্য। | ০৮-০৬-২০২৩ | প্রধান অতিথিঃ<br>জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন<br>সভাপতিঃ জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন |
| ৩ | বোতলজাত এলপিজি- এর বাজার সমীক্ষা | (ক) জনাব মোঃ আদনান আরিফ, সহকারী পরিচালক (অনুসন্ধান ও তদন্ত), আহবায়ক;<br>(খ) জনাব নূর উদ্দিন যোবায়ের, সহকারী পরিচালক (এডভোকেসি, পলিসি ও আন্তর্জাতিক সম্পর্ক), সদস্য। | ০৮-০৬-২০২৩ | প্রধান অতিথিঃ<br>জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন<br>সভাপতিঃ জনাব মোঃ হাফিজুর রহমান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন |
| ৪ | বোতলজাত খাবার পানি- এর বাজার সমীক্ষা | (ক) জনাব এস. এম. তারিকুজ্জামান, পরিচালক (অনুসন্ধান ও তদন্ত), আহবায়ক;<br>(খ) জনাব মোঃ নাজমুল হোসেন, সহকারী পরিচালক (আইন ও বাস্তবায়ন), সদস্য;<br>(গ) জনাব শেখ রুবেল, লাইব্রেরিয়ান ও জনসংযোগ কর্মকর্তা , সদস্য। | ০৪-০৬-২০২৩ | প্রধান অতিথিঃ<br>জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন<br>সভাপতিঃ জনাব সালমা আখতার জাহান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন |
| ৫ | ইলেকট্রিক ক্যাবলস্- এর বাজার সমীক্ষা | (ক) জনাব সারাওয়াত মেহজাবীন, উপপরিচালক (প্রশাসন ও মানবসম্পদ), আহবায়ক;<br>(খ) জনাব মোঃ শেখ তানভীর জামান, সহকারী পরিচালক (আইন ও বাস্তবায়ন), সদস্য। | ০৬-০৬-২০২৩ | প্রধান অতিথিঃ<br>জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন<br>সভাপতিঃ জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন |
| ৬ | কাগজ-এর বাজার সমীক্ষা | (ক) জনাব র. হ. ম. আলাওল কবির, উপপরিচালক (আইন ও বাস্তবায়ন), আহবায়ক;<br>(খ) জনাব মোঃ সাজেদুর রহমান, সহকারী পরিচালক (ব্যবসা-বাণিজ্য), সদস্য;<br>(গ) জনাব মোঃ তৌহিদুল ইসলাম, হিসাবরক্ষণ কর্মকর্তা, সদস্য; | ০৬-০৬-২০২৩ | প্রধান অতিথিঃ<br>জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন<br>সভাপতিঃ জনাব মোঃ হাফিজুর রহমান, সদস্য, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন |

## হৃদরোগে ব্যবহৃত ৩টি ওষুধ (ক্লোপিডোগ্রেল, রসুভাস্টাটিন ও বিসোপ্রোলল) এর বাজার বিষয়ক সমীক্ষা প্রতিবেদনের উপর চুড়ান্ত ভ্যালিডেশন সেমিনার আয়োজন

হৃদরোগে ব্যবহৃত ৩টি ওষুধ (ক্লোপিডোগ্রেল, রসুভাস্টাটিন ও বিসোপ্রোলল) এর প্রাইমারী ও সেকেন্ডারী ডাটা সংগ্রহের মাধ্যমে সংশ্লিষ্ট সমীক্ষা দল গত ১১ জুন, ২০২৩ তারিখে কমিশনে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে এবং ভ্যালিডেশন সেমিনারে প্রতিবেদন উপস্থাপন করে। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এঁর সভাপতিত্বে উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অধ্যাপক ডাঃ আব্দুল ওয়াদুদ চৌধুরী, বিভাগীয় প্রধান, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা। এছাড়াও উপস্থিত ছিলেন কমিশনের সদস্য জনাব সালমা আখতার জাহান, জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, জনাব মোঃ হাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ। সেমিনারে পাওয়ার পয়েন্ট প্রতিবেদন উপস্থাপন করেন জনাব তায়েব-উর-রহমান আশিক, উপপরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। প্রধান অতিথি, কমিশনের চেয়ারপার্সন এবং সদস্যবৃন্দ উক্ত সেমিনারে উপস্থিত থেকে চূড়ান্ত প্রতিবেদনের ওপর তাঁদের মূল্যবান মতামত ও দিক নির্দেশনা প্রদান করেন।



সেমিনারে উপস্থিত কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এবং প্রধান অতিথি অধ্যাপক ডাঃ আব্দুল ওয়াদুদ চৌধুরী, বিভাগীয় প্রধান, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা

## 'সিমেন্টের বাজার' বিষয়ে সম্পাদিত সমীক্ষা প্রতিবেদনের ওপর চূড়ান্ত ভ্যালিডেশন সেমিনার আয়োজন

নির্মাণ সামগ্রী বিশেষ করে সিমেন্ট শিল্পের প্রসার, সহজলভ্যতা, বাজার পরিস্থিতি, প্রতিযোগিতামূলক পরিবেশ এবং অগ্রসর জাতীয় অর্থনীতিতে সিমেন্টে শিল্পের অবদান ইত্যাদি গুরুত্বপূর্ণ ইস্যুতে বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন সিমেন্টের বাজার বিষয়ে সমীক্ষা কাজ সম্পাদন করার পদক্ষেপ গ্রহণ করে । সমীক্ষা কাজে গঠিত সমীক্ষা দল গত ০৮ জুন ২০২৩ তারিখে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করেন। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এঁর সভাপতিত্বে অনুষ্ঠিত ভ্যালিডেশন সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুস সাত্তার, মহাপরিচালক (গ্রেড-১), বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন। এছাড়া কমিশনের সদস্য জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, জনাব মোঃ হাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ সেমিনারে উপস্থিত ছিলেন । সেমিনারে মুল বক্তব্য উপস্থাপন করেন জনাব নাঈমুর রহমান, সহকারী পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। প্রধান অতিথি, কমিশনের চেয়ারপার্সন এবং সদস্যবৃন্দ উক্ত সেমিনারে উপস্থিত থেকে উপস্থাপিত প্রতিবেদনের ওপর তাঁদের মূল্যবান মতামত ও দিক নির্দেশনা প্রদান করেন এবং মতামতের ভিত্তিতে প্রতিবেদনটি সংশোধন ও পরিমার্জন করার নির্দেশ প্রদান করেন।



'সিমেন্টের বাজার' বিষয়ে সম্পাদিত সমীক্ষা প্রতিবেদনের ওপর ভ্যালিডেশন সেমিনারে উপস্থিত কর্মকর্তাবৃন্দ

## 'ইলেকট্রিক ক্যাবলের বাজার' বিষয়ে সম্পাদিত সমীক্ষা প্রতিবেদনের ওপর চূড়ান্ত ভ্যালিডেশন সেমিনার আয়োজন

বাংলাদেশের ইলেকট্রিক ক্যাবল শিল্প একটি গুরুত্বপূর্ণ খাত হিসেবে আবির্ভূত হয়েছে যা দেশের দ্রুত নগরায়ন, শিল্পায়ন এবং বিদ্যুৎ খাতে সরকারি উদ্যোগের দ্বারা চালিত হচ্ছে। নির্ভরযোগ্য এবং দক্ষ বৈদ্যুতিক শক্তি সঞ্চালন এবং বিতরণ ব্যবস্থার ক্রমবর্ধমান চাহিদা মেটাতে এ শিল্পটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছে। বাজারে গুরুত্বপূর্ণ এই পণ্যের বাজার সমীক্ষা কার্য সম্পাদনের জন্য বাংলাদেশে প্রতিযোগিতা কমিশন উদ্যোগ গ্রহণ করে। সংশ্লিষ্ট ট্রেডের প্রাইমারি ও সেকেন্ডারি ডাটা সংগ্রহের মাধ্যমে সমীক্ষা দল কর্তৃক প্রস্তুতকৃত প্রতিবেদন গত ১৫ জুন ২০২৩ তারিখে কমিশনের সভা কক্ষে আয়োজিত ভ্যালিডেশন সেমিনারে উপস্থাপন করা হয়। উক্ত সেমিনারে সভাপতিত্ব করেন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন এবং প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুস সাত্তার, মহাপরিচালক (গ্রেড-১), বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন। এছাড়া কমিশনের সদস্য জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, জনাব মোঃ হাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ সেমিনারে উপস্থিত ছিলেন । সেমিনারে পাওয়ার পয়েন্ট প্রতিবেদন উপস্থাপন করেন জনাব সারাওয়াত মেহজাবীন , উপপরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।



ইলেকট্রিক ক্যাবলের বাজার' বিষয়ে সম্পাদিত সমীক্ষা প্রতিবেদনের ওপর ভ্যালিডেশন সেমিনারে উপস্থিত কর্মকর্তাবৃন্দ

## 'বোতলজাত খাবার পানি' বিষয়ে সম্পাদিত বাজার সমীক্ষা প্রতিবেদনের ওপর চূড়ান্ত ভ্যালিডেশন সেমিনার আয়োজন

মানবদেহের জন্য অতি প্রয়োজনীয় উপাদান পানির সার্বজনীন ও সমতাভিত্তিক ব্যবহার নিশ্চিত করা, দূষণ ও অপচয় হ্রাস, বৈশ্বিকভাবে পুনশ্চক্রায়ন (রিসাইক্লিং) এবং নিরাপদ পুনর্ব্যবহার, নিরাপদ খাবার পানি নিশ্চিতকরণে বোতলজাত খাবার পানির গুরুত্ব অপরিসীম। বোতলজাত খাবার পানির বাজার সমীক্ষা সম্পাদন করার জন্য কমিশন কর্তৃক গঠিত সমীক্ষা দল ১৫ জুন ২০২৩ তারিখে কমিশনের সভাকক্ষে আয়োজিত ভ্যালিডেশন সেমিনারে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করে। বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের সদস্য জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান এঁর সভাপতিত্বে উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী, চেয়ারপার্সন,বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। মুখ্য আলোচক হিসেবে উপস্থিত ছিলেন জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (গ্রাউন্ড ওয়াটার সার্কেল) জনাব মোঃ সাইফুর রহমান। এছাড়াও কমিশনের সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ সেমিনারে উপস্থিত ছিলেন। সেমিনারে মুল বক্তব্য উপস্থাপন করেন জনাব এস. এম. তারিকুজ্জামান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন। প্রধান অতিথি, কমিশনের চেয়ারপার্সন এবং সদস্যবৃন্দ উক্ত সেমিনারে উপস্থিত থেকে উপস্থাপিত প্রতিবেদনের ওপর তাঁদের মূল্যবান মতামত ও দিক নির্দেশনা প্রদান করেন এবং সে প্রেক্ষিতে প্রতিবেদনটি পরিমার্জন করার নির্দেশনা প্রদান করেন।



ইলেকট্রিক ক্যাবলের বাজার' বিষয়ে সম্পাদিত সমীক্ষা প্রতিবেদনের ওপর ভ্যালিডেশন সেমিনারে উপস্থিত কর্মকর্তাবৃন্দ

## 'কাগজের বাজার' বিষয়ে সম্পাদিত সমীক্ষা প্রতিবেদনের ওপর চূড়ান্ত ভ্যালিডেশন সেমিনার আয়োজন

কাগজের বাজার সম্পর্কে সমীক্ষা সম্পাদনের লক্ষ্যে গঠিত সমীক্ষা দল কর্তৃক প্রস্তুতকৃত সমীক্ষা প্রতিবেদন কমিশনের সভাকক্ষে গত ১৫ জুন ২০২৩ তারিখে আয়োজিত এক ভ্যালিডেশন সেমিনারে উপস্থাপন করা হয়। সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব মোঃ আব্দুস সাত্তার, মহাপরিচালক (গ্রেড-১), বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইনস্টিটিউশন। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী। এছাড়া সেমিনারে উপস্থিত ছিলেন কমিশনের সদস্য জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, জনাব মোঃ হাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ। সেমিনারে পাওয়ার পয়েন্ট প্রতিবেদন উপস্থাপন করেন জনাব র.হ.ম. আলাওল কবির, উপপরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন ।




'কাগজের বাজার' বিষয়ে সম্পাদিত সমীক্ষা প্রতিবেদনের ওপর ভ্যালিডেশন সেমিনারে উপস্থিত কমিশনের চেয়ারপার্সন, প্রধান অতিথি ও সদস্য

## 'বোতলজাত এলপিজির বাজার' বিষয়ে সম্পাদিত বাজার সমীক্ষা প্রতিবেদনের ওপর চূড়ান্ত ভ্যালিডেশন সেমিনার আয়োজন

দেশের পরিবর্তিত জ্বালানি ব্যবস্থায় ভবিষ্যত জ্বালানি নিরাপত্তা নিশ্চিতকরণে বোতলজাত এলপিজি সর্বোত্তম বিকল্প। গুরুত্বপূর্ণ এই পণ্যের বাজার সমীক্ষা সম্পাদন করার জন্য কমিশন কর্তৃক গঠিত সমীক্ষা দল প্রাইমারী ও সেকেন্ডারি তথ্য সংগ্রহপূর্বক প্রতিবেদন প্রস্তুত করে। প্রস্তুতকৃত প্রতিবেদন যাচাই বাছাই ও বিশ্লেষণের লক্ষ্যে ১৮ জুন ২০২৩ তারিখে কমিশনের সভাকক্ষে এক ভ্যালিডেশন সেমিনার অনুষ্ঠিত হয়।

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এঁর সভাপতিত্বে উক্ত সেমিনারে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশনের চেয়ারম্যান জনাব মোঃ নূরুল আমিন। এছাড়াও কমিশনের সদস্য জনাব সওদাগর মুস্তাফিজুর রহমান, জনাব মোঃ হাফিজুর রহমান এবং অন্যান্য কর্মকর্তাবৃন্দ সেমিনারে উপস্থিত ছিলেন। সেমিনারে পাওয়ার পয়েন্ট প্রতিবেদন উপস্থাপন করেন জনাব নূর উদ্দিন যোবায়ের, সহকারী পরিচালক, বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন।




'বোতলজাত এলপিজির বাজার' বিষয়ে সম্পাদিত সমীক্ষা প্রতিবেদনের ওপর ভ্যালিডেশন সেমিনারে উপস্থিত কর্মকর্তাবৃন্দ

## প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন এবং সদস্য কর্তৃক চট্টগ্রামস্থ খাতুনগঞ্জ বাজার পরিদর্শন

বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এবং সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান ২৪ জুন ২০২৩ তারিখ সকাল ১১.০০ টায় চট্টগ্রামস্থ খাতুনগঞ্জ বাজার পরিদর্শন করেন। খাতুনগঞ্জ দেশের ভোগ্যপণ্যের অন্যতম বৃহৎ পাইকারি বাজার। পরিদর্শনকালে তাঁরা বিভিন্ন ব্যবসায়ী কর্তৃক ডি.ও বেচাকেনার বিষয়টি লক্ষ্য করেন। পাইকারী ব্যবসায়ীবৃন্দ জানান, তারা পণ্য বিক্রির ক্ষেত্রে আমদানীকারকদের নিকট হতে একটি নির্ধারিত হারে কমিশন পেয়ে থাকেন। বাজার পরিদর্শনের পর প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন ও সদস্য খাতুনগঞ্জ ট্রেড এ্যান্ড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশনের কার্যালয়ে এসোসিয়েশনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দের সাথে ভোগ্যপণ্যের মার্কেটিং প্রসেস, সাপ্লাই চেইন, একাধিক পর্যায়ে ডি.ও ট্রান্সফার হওয়া ইত্যাদি বিষয়ে খোলামেলা আলোচনা করেন এবং বিকেল ৩টায় চট্টগ্রাম চেম্বার অব কমার্স এ্যান্ড ইন্ডাস্ট্রিজের অফিস পরিদর্শন করেন। এ সময় কমিশনের চেয়ারপার্সন ও সদস্য চেম্বার নেতৃবৃন্দের সাথে প্রতিযোগিতা আইন, ২০১২ এবং প্রতিযোগিতা কমিশনের কার্যাবলী সম্পর্কে আলোচনা করেন এবং বাজারে সকল ধরনের প্রতিযোগিতা বিরোধী কর্মকান্ড রোধে ব্যবসায়ীদের করণীয় বিষয়ে মতবিনিময় করেন।




খাতুনগঞ্জ ট্রেড এ্যান্ড ইন্ডাস্ট্রিজ এসোসিয়েশনের কার্যালয়ে এসোসিয়েশনের বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভায় উপস্থিত কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এবং সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান



বাংলাদেশ প্রতিযোগিতা কমিশনের চেয়ারপার্সন জনাব প্রদীপ রঞ্জন চক্রবর্তী এবং সদস্য জনাব মোঃ হাফিজুর রহমান চট্টগ্রামস্থ খাতুনগঞ্জ বাজার পরিদর্শন করছেন

## উপদেষ্টা পরিষদ

**প্রদীপ রঞ্জন চক্রবর্তী**
চেয়ারপার্সন
ও
সভাপতি
উপদেষ্টা পরিষদ

**সালমা আখতার জাহান**
সদস্য

**সওদাগর মুস্তাফিজুর রহমান**
সদস্য

## সম্পাদনা পরিষদ

**মোঃ হাফিজুর রহমান**
সদস্য
ও
আহ্বায়ক
সম্পাদনা পরিষদ

**তায়েব-উর-রহমান আশিক**
উপপরিচালক

**নাঈমুর রহমান**
সহকারী পরিচালক

**নূরউদ্দীন যোবায়ের**
সহকারী পরিচালক


প্রকাশনায়ঃ
বাংলাদেশ প্রতিযোগিতা কমিশন
৩৭/৩/এ, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
ফোন: +৮৮০২-৫৮৩১৫৪৮৫, ফ্যাক্স: +৮৮০২-৫৮৩১৫৪৯৭
ই-মেইল: Secretary.ccb2012@gmail.com
প্রকাশকাল: জুন, ২০২৩